

## রহমান রহীম আল্লাহ তায়ালা নামে

- ০৮০-১ সে (নবী) অকুশলিত করলো এবং (বিরক্ত হয়ে) মুখ ফিরিয়ে নিলো,  
 ০৮০-২ কারণ, তার সামনে একজন অন্ধ ব্যক্তি এসেছে;  
 ০৮০-৩ তুমি কি জানতে- হয়তো সে (অন্ধ)-ই নিজেকে পরিশুদ্ধ করে নিতো,  
 ০৮০-৪ (কিংবা) সে উপদেশ গ্রহণ করতো, তা তার জন্যে হয়তো উপকারীও  
 (প্রমাণিত) হতো;  
 ০৮০-৫ (অপরদিকে) যে (হেদায়াতের প্রতি) বেরোয়াভাব দেখালো-  
 ০৮০-৬ তুমি তার প্রতিই (বেশী) মনোযোগ প্রদান করলে;  
 ০৮০-৭ (অথচ) সে ব্যক্তি যে পরিশুদ্ধ হবে এটা তোমার দায়িত্ব নয়;  
 ০৮০-৮ (অপর দিকে) যে ব্যক্তি (পরিশুদ্ধির জন্যে) তোমার কাছে দৌড়ে আসে,  
 ০৮০-৯ এবং সে আল্লাহকে ভয় করে,  
 ০৮০-১০ তুমি তার থেকেই বিরক্ত হলে,  
 ০৮০-১১ কখনোই (এমনটি উচিত) নয়, এ (কোরআন) হচ্ছে একটি উপদেশ,  
 ০৮০-১২ যে চাইবে সে তা স্মরণ করবে।  
 ০৮০-১৩ যা সম্মানিত স্থান (লগুহে মাহফুয)-এ (সংরক্ষিত) আছে,  
 ০৮০-১৪ উঁচু মর্যাদাসম্পন্ন ও সমাধিক পবিত্র,

- ০৮০-১৫ এটি সংরক্ষিত থাকে মর্যাদাবান লেখকদের হাতে,
- ০৮০-১৬ (তারার) মহান ও পুত্র চরিত্রসম্পন্ন;
- ০৮০-১৭ মানুষের প্রতি অভিসম্পাত! কোন জিনিস তাকে অস্বীকার করালো;
- ০৮০-১৮ আল্লাহ তায়ালা কোন বস্তু থেকে তাকে পয়সা করেছেন; (সে কি দেখলো না?)
- ০৮০-১৯ তিনি তাকে এক বিস্ময় স্তম্ভ থেকে পয়সা করেছেন, অতঃপর তিনি তার (দেহে সব কিছু) পরিমাণ নির্ধারণ করেছেন,
- ০৮০-২০ অতঃপর তিনি তার চলার পথ আসান করে দিয়েছেন,
- ০৮০-২১ এরপর তিনি তাকে মৃত্যু দিয়েছেন, অতঃপর তাকে কবরে রেখেছেন,
- ০৮০-২২ অতঃপর তিনি যখন চাইবেন তাকে পুনরায় জীবিত করবেন;
- ০৮০-২৩ কোনো সন্দেহ নেই, তাকে যা আদেশ করা হয়েছে তা সে পালন করেনি;
- ০৮০-২৪ মানুষ তার আহ্বানের দিকেও একবার তাকিয়ে দেখুক (কতোগুলো স্তর অতিক্রম করে এই খাবার তার সামনে এসেছে),
- ০৮০-২৫ আমি (স্বকনো ভূমিতে) প্রচুর পরিমাণ পানি ঢেলেছি,
- ০৮০-২৬ এর পর যমীনকে বিদীর্ণ করেছি,
- ০৮০-২৭ (অতঃপর) তাতে উৎপন্ন করেছি শস্যদানা,
- ০৮০-২৮ আংগুরের খোকা ও রকমারি শাকসবজি,
- ০৮০-২৯ (আরো উৎপন্ন করেছি) যমতুন ও খেজুর( -সহ বিভিন্ন ধরনের ফলমূল),
- ০৮০-৩০ (আরো রয়েছে) শ্যামল ঘন বাগান,

০৮০-৩১ (তাতে) উৎপন্ন করেছি ফলমূল ও ঘাস,

০৮০-৩২ (এ সবই) তোমাদের এবং তোমাদের গৃহপালিত জন্তু-জানোয়ারের উপকার ও উপভোগের জন্যে;

০৮০-৩৩ অতঃপর যখন বিকট একটি আওয়াজ আসবে (তখন এসব আয়োজন শেষ হয়ে যাবে),

০৮০-৩৪ সেদিন মানুষ তার নিজ ভাইয়ের কাছ থেকে পাল্লাতে থাকবে,

০৮০-৩৫ (পাল্লাতে থাকবে) তার নিজের মা থেকে, নিজের বাপ থেকে,

০৮০-৩৬ সহধর্মিনী থেকে, (এমন কি) তার ছেলেকেদের থেকেও;

০৮০-৩৭ সেদিন তাদের প্রত্যেকের জন্যেই পরিস্থিতি এমন (ভয়াবহ) হবে যে, তাই তার (ব্যস্ততার) জন্য যথেষ্ট হবে;

০৮০-৩৮ কিছু সংখ্যক (মানুষের) চেহারা সেদিন উজ্জ্বল হবে,

০৮০-৩৯ তারা সহাস্য ও প্রফুল্ল থাকবে,

০৮০-৪০ (অপর দিকে) সেদিন কিছু সংখ্যক চেহারা (কুৎসিত) হবে, তার ওপর (যেন) ধূলাবালি পড়ে থাকবে,

০৮০-৪১ মলিনতায় তা (সম্পূর্ণ) ছেয়ে যাবে,

০৮০-৪২ এ লোকগুলোই হচ্ছে (কেতাব) অস্বীকারকারী এবং এরাই হচ্ছে পাপিষ্ঠ।

*Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed*

*Al Quran Academi London*

Published as Portable Document Format by: *Mohammad Noor-e-Alam Siddiquee*  
More Free Islamic Stuff at [www.siddiquee.co.nr](http://www.siddiquee.co.nr)